অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/24/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল মার্শা পি. জনসন স্টেট পার্কার নতুন গেটওয়ের নকশা ঘোষণা করলেন

শোভাবর্ধক গেটওয়ে দর্শনার্থীদের কেন্ট অ্যাভিনিউ/নর্থ এইটথ স্ট্রিট প্রবেশে স্বাগত জানাবে

চিরজীবী বাগান, ল্যান্ডস্কেপিং এবং অতিরিক্ত সবুজ স্থান জনসনের প্রকৃতিপ্রেমকে সম্মান জানাবে

রেন্ডারিংগুলি দেখুন এখানে

গভর্নর ক্যাথি হোকল আজকে ব্রুকলিনের মার্শা পি. জনসন স্টেট পার্কের (Marsha P. Johnson State Park) একটি নতুন গেটওয়ের জন্য প্রাথমিক নকশা ঘোষণা করলেন। পার্কটি মার্শা পি. জনসনকে সম্মান জানায়, তিনি একজন অশ্বেতাঙ্গ ট্রান্সজেন্ডার নারী যে কিনা লেসবিয়ান, গে, বাইসেকসুয়াল, ট্রান্সজেন্ডার, কুইয়ের+ (LGBTQ+) নাগরিক অধিকার আন্দোলনের একজন পথিকৃৎ ছিলেন এবং আজ থেকে 77 বছর পূর্বে জন্মগ্রহণ করেছিলেন। গেটওয়েটি এই বছর শেষ হওয়া একটি 16.5 মিলিয়ন মার্কিন ডলার সংস্কার প্রকল্পের ইতি টানবে।

"মার্শা পি. জনসন ছিলেন একজন প্রবর্তক যিনি সঠিক ব্যাপারে প্রতিবাদ করেছেন, স্থিরাবস্থাকে চ্যালেঞ্জ করেছেন এবং ইতিহাসের দিক পরিবর্তন করে দিয়েছেন," **গভর্নর হোকল বলেন।** "আমরা মার্শা পি. জনসনের জন্মদিন উদযাপন করছি এবং নিউ ইয়র্ক স্টেট এই নতুনভাবে সংস্কার করা পার্কে তার গল্পকে সম্মান জানানো অব্যাহত রাখবে, যেখানে আমরা তার বার্তাকে আলোকিত করবো এবং আগামী প্রজন্মের দর্শনার্থীদের জন্য এটিকে অগ্রসর করে যাবো।"

কেন্ট অ্যাভিনিউ/নর্থ এইটথ স্ট্রিট প্রবেশপথের শোভাবর্ধক গেটওয়েটি দর্শনার্থীদের পার্কে স্বাগত জানাবে। এই সপ্রতিভ এবং শৈল্পিক পার্ক প্রবেশ গেটওয়ে কাঠামোটির উদ্দেশ্য হলো মার্শা পি. জনসনের আত্মার বাণী ও লেগেসি জানানো এবং এটি পার্ক ও আশেপাশের এলাকার সম্পূরক। গেটওয়েটির নকশার কাজ 2022-র ফল মৌসুম পর্যন্ত চলবে এবং 2023 সালে এর নির্মাণ কাজ শুরু হবে।

গেটওয়েটি হবে নতুনভাবে শেষ করা উন্নয়নকাজের অনুবর্তী, যার মধ্যে রয়েছে বিস্তৃত নতুন ল্যান্ডস্কেপিং, যার মধ্যে তার প্রকৃতিপ্রেমকে সম্মান জানাতে একটি স্থানীয় প্রজাতির চিরজীবী

বাগান রয়েছে এবং 'মার্শার হিলসাইড' রয়েছে; একটি নতুন দারুণ লন আছে; কয়েক ডজন নতুন গাছ আছে; প্রবেশযোগ্য পথ আছে; নতুন পার্ক ফার্নিশিং আছে; স্থায়ী ব্যাখ্যামূলক প্যানেল আছে যেখানে মার্শার জীবন, কাজ ও সম্প্রদায়ের তথ্য রয়েছে; পার্কব্যাপী নতুন সাইনেজ আছে; এবং একটি উল্লেখযোগ্য সাইটব্যাপী ঝড়ের পানির ব্যবস্থাপনা সিস্টেম আছে যা পুরো পার্কের ড্রেনেজকে উন্নত করবে।

গত বছর, শেষ হওয়া উন্নয়নকাজের একটি সিরিজের মধ্যে রয়েছে গণবাথরুমসহ একটি নতুন পার্ক হাউজ, একটি শ্রেণীকক্ষ এবং জমায়েত স্থান, এবং পার্ক ব্যবস্থাপনা ও রেঞ্জারদের যোগাযোগের স্থান এবং একই সাথে একটি সবুজ ছাদ; একটি সংস্কার করা এবং প্রবেশযোগ্য, নর্থ ৪ম প্রবেশপথ থেকে পার্ক পর্যন্ত নুড়িপাথরের হাঁটার পথ; মার্শা পি. জনসনের জীবন ও নাগরিক অধিকারের কাজ ও সম্প্রদায়ের সম্মানে প্রাথমিক ব্যাখ্যামূলক প্যানেল; এবং সংস্কারকৃত কংক্রিট ইভেন্ট প্ল্যাটফর্মসমূহ। ইভেন্ট প্যাডগুলি এবং অন্যান্য হার্ডস্কেপসমূহের মেরামত ও হ্রাস সাত একরের পার্কটিতে প্রায় এক একর অতিরিক্ত সবুজ স্থান যোগ করেছে। উন্নয়নকাজগুলি করা হয়েছে ট্রান্সজেন্ডার ও LGBTQ সম্প্রদায়ের সাথে, এলাকার নেতৃবৃন্দের সাথে, মার্শার পরিবারের সাথে এবং জনসাধারণের সাথে পার্কের নকশা নিয়ে বিস্তৃতভাবে পরামর্শ করার পর।

স্টেট পার্কসের (State Parks) কমিশনের এরিক কুলেসিড বলেন, "অন্তর্ভুক্তি এবং গ্রহণযোগ্যতা হলো স্টেট পার্কে আমাদের আন্তরিক লক্ষ্য। মার্শা পি. জনসন স্টেট পার্কের নতুন এবং উন্নত সংস্করণ একটি দারুণ উদাহরণ যে কীভাবে আমরা সকলকে স্বাগত জানাতে পারি ও সকলের জন্য দুয়ার উন্মুক্ত করতে পারি, এবং এটি নিউ ইয়র্ক স্টেটের বহু মানুষ ও স্থানের ভিন্ন ভিন্ন ও বৈচিত্র্যময় গল্পের প্রতিফলন করে।"

স্টেটের সিনেটর ব্রায়ান ক্যাভানা বলেন, "নতুন গেটওয়েটি মার্শা পি. জনসনের জীবন ও লেগেসির প্রতি একটি মানানসই সম্মাননা, তিনি নাগরিক অধিকারের, বিশেষ করে LGBTQ+ অধিকারের একজন পথিকৃৎ হিসেবে কাজ করেছেন, এবং তিনি বহু নিউ ইয়র্কবাসীর জন্য, বিশেষ করে ট্রান্সজেন্ডার ও অশ্বেতাঙ্গ মানুষের জন্য একজন অনুপ্রেরণা হয়ে আছেন। আমি আশা করছি যে যখন একটি নতুন প্রজন্মের দর্শনার্থীরা এই সুন্দরভাবে নকশা করা গেটওয়েতে প্রবেশ করবে, তারা সকলের জন্য অন্তর্ভুক্তির বিষয়কে অগ্রসর করতে মার্শা পি. জনসনের অবদান ও আত্মত্যাগের কথা স্মরণ করবে এবং তারা তার বার্তা প্রচারে সাহায্য করবে। আমি গভর্নর ক্যাথি হোকল, কমিশনার এরিক কুলেসিড, ব্রুকলিন কমিউনিটি বোর্ড 1-র (Brooklyn Community Board 1) সদস্যগণ, এবং অবশ্যই মার্শা পি. জনসনের বন্ধু ও পরিবারকে ধন্যবাদ জানাচ্ছি, যারা এই পার্কটি নির্মাণে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে।"

অ্যাসেম্বলি সদস্য এমিলি গ্যালাগার বলেন, "আমি অত্যন্ত গর্বিত যে আমাদের নর্থ ব্রুকলিন জেলা এই সুন্দর, সরকারি, ওয়াটারফ্রন্ট খোলা স্থানের বাড়ি যা মার্শা পি. জনসনের লেগেসি এবং কৃষ্ণাঙ্গ, কুইয়ের এবং ট্রান্স স্বাধীনতার চলমান সংগ্রামকে সম্মান জানায়। যা তার 77তম জন্মদিন হতো, সেই দিনে নিউ ইয়র্ক স্টেটের পার্কস অফিস (New York State Office of Parks) এই সুবিবেচক, সপ্রতিভ নকশাটি উন্মোচন করেছে যা সত্যিকারের অনন্য এই স্থানটিতে প্রতিবেশী ও দর্শনার্থী সকলকে একইভাবে স্বাগত জানাবে।"

নিউ ইয়র্ক সিটি পরিষদের (New York City Council) সদস্য লিঙ্কন রেসলার বলেন, "সকলের পার্কের মতো জনসাধারণের স্থানে স্বাগত বোধ করার অধিকার আছে, এবং আমি আনন্দিত যে মার্শা পি. জনসনের লেগেসি নতুন এই গেটওয়ের মাধ্যমে আমাদের সম্প্রদায়ে সম্মানিত হবে।"

নিউ ইয়র্ক স্টেটের LGBTQ+ অ্যাফেয়ার্সের নির্বাহী চেম্বার ডেপুটি পরিচালক শ্যানেল লোপেজ বলেন, "এটি একটি অত্যন্ত ঐতিহাসিক ঘটনা, সম্প্রদায়ের জন্য নকশা করা একটি পার্ক যা সম্প্রদায় নকশা করেছে, এবং যা একজন নির্ভীক নেতার নামে নামকরণ করা হয়েছে। মার্শা পি. জনসন এমন একজন মানুষ জেক আমরা আমাদের ট্রান্স অশ্বেতাঙ্গ সম্প্রদায়ের একটি স্তম্ভ বিবেচনা করি, এবং এমন একজন যিনি আমাদের দৃশ্যমান ও সরব হওয়ার প্রতিবন্ধকতা ভেঙ্গে দিয়েছেন। আমরা আপনাকে উদযাপন করি! আশা করছি আপনি এই আন্দোলন নিয়ে গর্ব করছেন।"

নিউ ইয়র্ক স্টেটের নির্বাহী চেম্বার এডি উইন্ডসর, মার্শা পি. জনসন এবং সিলভিয়া রিভেরা LGBTQ ফেলো জেনা ফ্র্যাজিয়ার বলেন, "কৃষ্ণাঙ্গ, কুইয়ের এবং ট্রান্স মানুষদের একজন পথিকৃতের সম্মানে একটি ওয়াটারফ্রন্ট পার্কের নামকরণ দেখা দারুণ। আমরা আমাদের জীবনে সৌন্দর্য এবং বিশ্রামের অধিকার রাখি বিশেষ করে যখন আমাদের সম্প্রদায় এখনো আমাদের অধিকারের জন্য লড়াই করছে এবং মার্শা পি. জনসন স্টেট পার্কে এর জন্য একটি বাড়ি খুঁজে পাওয়া অত্যন্ত অর্থপূর্ণ। আমি তার লেগেসিকে সম্মান জানাতে পেরে এবং তার পার্কে তার উদযাপন দেখতে পেরে বিনীত বোধ করছি।"

2020 সালের ফেব্রুয়ারি মাসে পূর্বে ইস্ট রিভার স্টেট পার্ক (East River State Park,) নামের ফ্যাসিলিটিটির মার্শা পি. জনসনের সম্মানে নাম পরিবর্তন করা হয়। LGBTQ+ অধিকার এবং HIV/AIDS চিকিৎসার স্পষ্টভাষী অ্যাডভোকেট মার্শা ছিলেন 1969 এর স্টোনওয়াল আপরাইজিংয়ের একজন বিশিষ্ট ব্যক্তিত্ব এবং তিনি পরবর্তীতে নিউ ইয়র্ক সিটিতে পরিবার দ্বারা প্রত্যাখ্যাত কমবয়সী LGBTQ+ মানুষকে সমর্থন করার জন্য একটি আশ্রয়কেন্দ্র স্থাপন করেন। তার জন্ম হয়েছিলো 24 আগস্ট, 1945 তারিখে এবং 1992 সালে 46 বছর বয়সে তিনি রহস্যজনকভাবে মারা যান।

তিনি গে লিবারেশন ফ্রন্টের (Gay Liberation Front) একজন প্রতিষ্ঠাতা সদস্য ছিলেন, অ্যাক্ট আপ (ACT UP) এর একজন সক্রিয়তাবাদী ছিলেন, এবং সিলভিয়া রিভেরার সাথে তিনি স্ট্রিট ট্রান্সভেসটাইট অ্যাকশন রেভ্যুলশনারিজের (Street Transvestite Action Revolutionaries, STAR) একজন সহপ্রতিষ্ঠাতা ছিলেন - পরবর্তীতে যার নাম হয় র‍্যাডিক্যাল রিফর্মের জন্য কৌশলগত ট্রান্সজেন্ডার জোট (Strategic Transgender Alliance for Radical Reform, STARR)। নিউ জার্সিতে জন্মগ্রহণ করা মার্শা পি. জনসন হাই স্কুল পাশ করার পর গ্রিনিচ ভিলেজে চলে যান। তিনি তার কষ্ট এবং মানসিক অসুস্থতার সাথে তার লড়াইকে অন্যদের জন্য সক্রিয়তাবাদে রূপান্তরিত করেছিলেন, অ্যাক্ট আপ এর সাথে বিক্ষোভে অংশ নিয়েছিলেন এবং নিউ ইয়র্ক সিটিতে HIV/AIDS মহামারী সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করেছিলেন।

সাত একরের ওয়াটারফ্রন্ট পার্কটি অবস্থিত ব্রুকলিনের উইলিয়ামসবার্গ এলাকার ইস্ট রিভার সংলগ্ন স্থানে যা দর্শনার্থীদেরকে ম্যানহাটন স্কাইলাইনের একটি দুর্দান্ত দৃশ্য দেখতে দেয়, একটি আনন্দদায়ক খেলার স্থান, এবং সবুজ স্থান বিনোদন ও বিশ্রামের অনেক সুযোগ প্রদান করে। ঊনবিংশ শতাব্দীর শিপিং ডকের সাইট হিসেবে, ইস্ট রিভারে এছাড়াও রয়েছে অনন্য ঐতিহাসিক অবশিষ্টাংশ যেমন পুরনো নুড়িপাথরের রাস্তা এবং কংক্রিট দেওয়া রেলরোড ট্র্যাক, এবং সেই সাথে একটি জনপ্রিয় কুকুরকে দৌড় করানোর স্থান এবং সৈকত। পার্কটি ওই সুন্দর সিটি ওয়াটারফ্রন্ট সংলগ্ন অনেক প্রাকৃতিক ও ঐতিহাসিক সংস্থানের সংরক্ষণ ও সুরক্ষা করে।

পার্কটি বিনামূল্যের এবং জনসাধারণের জন্য উন্মুক্ত, এবং এটি প্রতি বছর আনুমানিক 1.6 মিলিয়ন দর্শনার্থীদের আকৃষ্ট করে। ইস্ট রিভার ও ম্যানহাটনের দারুণ দৃশ্যের পাশাপাশি, পার্কটিতে ঐতিহাসিক রেল চত্বরের অবশিষ্টাংশে স্থানীয় মিডো গাছ রয়েছে; নিষ্ক্রিয় বিনোদন; পিকনিক ও বারবিকিউ করার ব্যবস্থা রয়েছে।

নিউ ইয়র্ক স্টেটের পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ দপ্তর (Office of Parks, Recreation and Historic Preservation) 250টিরও বেশি পার্ক, ঐতিহাসিক স্থান, চিত্তবিনোদনমূলক ট্রেইল, গলফ কোর্স, বোট লঞ্চ ও আরো অনেক কিছুর দেখাশোনা করে, যেগুলোতে বছরে 78 মিলিয়নেরও বেশি দর্শনার্থী ভিজিট করে থাকে। এসব চিত্তবিনোদনের জায়গার যেকোনোটি সম্পর্কে আরো তথ্যের জন্য www.parks.ny.gov ওয়েবসাইট দেখুন, বিনামূল্যে NY স্টেট পার্কস এক্সপ্লোরার (NY State Parks Explorer) মোবাইল অ্যাপ ডাউনলোড করুন অথবা 518.474.0456 নম্বরে ফোন করুন। এছাড়াও, ফেসবুক (Facebook), ইনস্টাগ্রাম (Instagram) ও টুইটারে (Twitter) সংযুক্ত হোন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন